দৈনিক বাংলা

তারিখ 08 AUG 1994
পৃষ্ঠা ৭ কলাম ৬

# উচ্চ শিক্ষার মান বাড়াতে হবে ঃ প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস দেশে উচ্চ শিক্ষার মানোন্নয়নের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, শিক্ষার আঙ্গিক মান বাড়ানো না হলে এই তীব্র প্রতিযোগিতার বিশ্বে আমাদের ছাত্ররা সাফল্য দেখাতে পারবে না।

প্রেসিডেন্ট বিশ্বাস শনিবার বঙ্গভবনে বরিশাল সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ, শিক্ষকবৃন্দ ও ছাত্র সংসদের নেতৃবৃন্দের সঙ্গে আলাপকালে এ কথা বলেন। স্থানীয় বিএনপি নেতা অধ্যক্ষ আবদুর রশীদ খান এই ২০ সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। খবরবাসস'র।

প্রেসিডেন্ট বিশ্বাস শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে সন্ত্রাস ও বিশৃঙখলা মুক্ত রাখার জন্য ছাত্রদের প্রতি আহবান জানান। তিনি বলেন, শিক্ষা জীবনে একটি বছরের অপচয় মানে সত্যিকার অর্থে জীবন থেকে একটি বছর হারিয়ে যাওয়া এবং সর্বাত্মক চেষ্টা করলেও এ ক্ষতিপূরণ করা যায় না।

প্রেসিডেন্ট বলেন, সরকার দেশের মানব সম্পদের যথাযথ উন্নয়নের জন্য শিক্ষাখাতে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছে। এ প্রসঙ্গে তিনি সরকার গৃহীত ব্যাপক শিক্ষা সম্প্রসারণ কর্মসূচী এবং ছাত্রীদেরকে দেয়া বিশেষ সুযোগ সুবিধার কথা উল্লেখ করেন।

বরিশাল সরকারী কলেজের অধ্যক্ষ আবদুল ওয়াহেদ গণ ও উচ্চ শিক্ষার ওপর গুরুত্বারোপ করায় সরকারের প্রশংসা করেন। বরিশাল ডিগ্রি কলেজে সন্ত্রাস ও শিক্ষার পরিবেশ বিনষ্টকারী কোন তৎপরতা নেই বলে অধ্যক্ষ ওয়াহেদ প্রেসিডেন্ট বিশ্বাসকে জানান।

অধ্যক্ষ আবদুর রশীদ বরিশাল বিভাগীয় সদর দফতরে একটি পূর্ণ বিশ্ববিদ্যালয় ও শিক্ষাবোর্ড প্রতিষ্ঠার জন্য প্রেসিডেন্টের প্রতি আবেদন জানান।